ভোরের কাগজ

তারিখ ... ... NOV. 4.1999 ...
পৃষ্ঠা 7 ... কলাম 8 ......



*পাঁচ দফা দাবি আদায়ের লক্ষ্যে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে সরকারি কর্মচারী সমন্বয় পরিষদের মহাসমাবেশ —ভোরের কাগজ*

### শিক্ষামন্ত্রীর সঙ্গে মতবিনিময়ে ব্যবসায়ী নেতৃবৃন্দ

# শিক্ষা ব্যবস্থা বেসরকারি খাতে ছেড়ে দেওয়ার আহ্বান

**কাগজ প্রতিবেদক :** শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক তত্ত্বীয় শিক্ষার সঙ্গে প্রায়োগিক শিক্ষার কার্যকর সমন্বয় সাধনের জন্য ব্যবসায়িক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল এফবিসিসিআর-এর সম্মেলন কক্ষে এফবিসিসিআই নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক ব্যবসা ও উৎপাদন প্রতিষ্ঠানের সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানের কার্যকর যোগাযোগ স্থাপনের জন্য শিক্ষা ব্যবস্থার উন্নয়ন, প্রতিষ্ঠান স্থাপন, কারিকুলাম প্রণয়নসহ বিভিন্ন কার্যক্রমে সরকারকে সহায়তার জন্য ব্যবসায়িক সম্প্রদায়ের প্রতি আবেদন জানিয়েছেন। তিনি বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠান থেকে শুধু সরকারি চাকরিজীবী নয় দেশের অর্থনীতিতে অবদান রাখতে পারে এমন দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে। বর্তমান সরকার বিজ্ঞান, প্রযুক্তি, ব্যবস্থাপনা ও ভাষা এই চারটি শিক্ষার ওপর অধিক গুরুত্ব আরোপ করছে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, দেশের জন্য লাভ হবে এমন শিক্ষাই এখন প্রয়োজন।

আবদুল আউয়াল মিন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ব্যবসায়িক নেতৃবৃন্দ শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষক ও ছাত্রদের রাজনৈতিক কর্মকাণ্ড থেকে মুক্ত রাখার আবেদন জানান। তারা এ জন্য রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। ব্যবসায়িক নেতৃবৃন্দ বলেন, শিক্ষা প্রতিষ্ঠান থেকে সার্টিফিকেটধারী তৈরি হচ্ছে, উৎপাদনশীল দক্ষ মানবসম্পদ তৈরি হচ্ছে না। পর্যায়ক্রমে প্রযুক্তি উন্নয়নের লক্ষ্যে দেশের শিক্ষা ব্যবস্থাকে পুনর্গঠনের জন্যও তারা সুপারিশ করেন।

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, দেশের শিক্ষা কার্যক্রমে বিদ্যমান সমস্যা কাটিয়ে ওঠার চেষ্টা চলছে। তিনি বলেন, দেশের শিক্ষিত সমাজ যদি অর্থনীতিতে অবদান রাখতে না পারে তবে শিক্ষা ব্যবস্থার বিরাজমান অব্যবস্থা আরো প্রকট হয়ে উঠবে।

শিক্ষামন্ত্রী শিক্ষা ব্যবস্থার উন্নয়নে রাজনৈতিক ঐকমত্য কামনা করে বলেন, এ ছাড়া অবস্থার পরিবর্তন সম্ভব নয়। দেশের সীমিত সম্পদের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, বাজেটে শিক্ষা খাতে সবচেয়ে বেশি বরাদ্দ থাকা সত্ত্বেও এ খাতেই আরো অনেক বেশি বিনিয়োগ প্রয়োজন। তিনি এ জন্য বেসরকারি উদ্যোগের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। মন্ত্রী বিজনেস সংক্রান্ত সরকারি কারিকুলাম প্রণয়নে ব্যবসায়ী সম্প্রদায়কে সহযোগিতার জন্য এগিয়ে আসার আহ্বান জানান।

এফবিসিসিআই-এর সভাপতি আবদুল আউয়াল মিন্টু বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলো ছাত্র-শিক্ষক রাজনীতিতে জড়িয়ে পড়ায় পরিবেশ কলুষিত হচ্ছে। এ অবস্থার উন্নতির জন্য সকল রাজনৈতিক দলের মধ্যে সমঝোতা প্রয়োজন। তিনি বলেন, উপযুক্ত পরিবেশ বজায় না রাখা হলে শিক্ষা ব্যবস্থার উন্নতি, প্রতিষ্ঠান স্থাপন, কারিকুলাম পরিবর্তন প্রভৃতি পদক্ষেপ ও কর্মসূচি নিষ্ফল হবে। শিক্ষানীতির মূল লক্ষ্য ব্যর্থ হবে। তিনি বর্তমান সরকারের শিক্ষানীতির প্রশংসা করে শিক্ষা ব্যবস্থা বেসরকারিকরণের জন্য সরকারের প্রতি আহ্বান জানান। এফবিসিসিআই সভাপতি বলেন, 'আমরা চাই শিক্ষা ব্যবস্থার বেসরকারিকরণ।' মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষা সচিব কাজী রকিবউদ্দীন আহমদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান এ টি এম জহিরুল হক, ফেডারেশনের সহসভাপতি এমএ মুমিন, পরিচালকবৃন্দ ও এফবিসিসিআই সদস্য সংস্থার নেতৃবৃন্দ।